# সুরিন

## কুরছ সুরফিন

**বিবরণ:** ইহা একটি প্রাকৃতিক ভেষজ ট্যাবলেট যা গলাব্যথা, স্বরভঙ্গ, কফ নি:সারক, টনসিল, শ্বাসনালীর প্রদাহে খুবই কার্যকরী।

**উপাদান:** প্রতি ট্যাবলেটে রয়েছে নিম্নলিখিত ভেষজের নির্যাস

| ক্র: নং | উপাদান | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | যষ্টিমধু | *Glycyrrhiza glabra* | ৩০.০০ মি.গ্রা. |
| ২ | বাসক পাতা | *Adhatoda vasica* | ২০.০০ মি.গ্রা. |
| ৩ | তুলসী পাতা | *Ocimum sanctum* | ২০.০০ মি.গ্রা. |
| ৪ | পুদিনা | *Mentha arvensis* | ২.২৬৮ মি.গ্রা. |
| ৫ | আনিসূন | *Pimpinella anisun* | ২.২৬৮ মালি. |
| ৬ | ইউকেলিপতাই | *Eucalyptus globulus* | ০.৯০০ মালি. |
| ৭ | দারচিনি | *Cinnamomum zeylanicum* | ০.৪৫৩ মালি. |
| ৮ | কাবাব চিনি | *Piper cubeba* | ০.৪৫৩ মালি. |

**সুরিন ট্যাবলেটে ব্যবহৃত ভেষজসমূহের ঔষধি গুণাগুণ:**

**যষ্টিমধু:** যষ্টিমধু শ্বাসনালীতে মিউকাস নি:সরণ বাড়িয়ে কফ বের করে দেয়। যষ্টিমধুর উপাদান গ্লিসারাইজিন গলা ব্যথা নিরাময়ে কার্যকরী।

**বাসক:** বাসক এর প্রধান অ্যালকালয়েড ভ্যাসিসিন মিউকোলাইটিক ক্রিয়ার মাধ্যমে জমাট বাধা কফ তরল করে বের করে দেয়।

**তুলসী:** তুলসী শ্বাসতন্ত্রের কর্যক্ষমতা স্বাভাবিক রাখতে সাহায্য করে। এর শক্তিশালী অ্যান্টি-ইনফ্লামেটরী গুণাগুণ গলাকে জীবাণুর সংক্রমণ থেকে রক্ষা করে। ইহা গলাব্যথা এবং শ্বাসনালীর জীবাণু সংক্রমণ নিরাময়ে খুবই কার্যকরী।

**পুদিনা:** পুদিনার জীবাণুনাশক গুণাগুণ গলায় জীবাণু সংক্রমণের হার কমিয়ে দেয়।

**আনিসুন তেল:** এর উদ্বায়ী তেলের অ্যান্টি-স্পাজমোডিক ক্রিয়া রয়েছে যা শ্বাসনালীর প্রদাহে ব্যবহৃত হয়।

**ইউকেলিপটাস তেল:** ইউকেলিপটাস তেল অন্যতম শক্তিশালী প্রাকৃতিক পচনরোধক এবং জীবাণুনাশক বৈশিষ্ট্য সমপন্ন যা গলাব্যথা, শ্বাসনালীর প্রদাহ, অ্যাজমা নিরাময়ে ব্যবহৃত হয়।

**দারুচিনি:** দারুচিনি কফ নি:সারক হিসেবে কাজ করে। ইহা গলাব্যথা কমায় এবং ঠাণ্ডাজনিত ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধ করে।

**কাবাবচিনি:** ইহা বাগ্‌যন্ত্রের প্রদাহ, জিহবা, ঠোঁট প্রভৃতি স্থানে ক্ষত নিরাময়ে কার্যকরী।

**রোগ নির্দেশনা:** কাশি, গলাব্যথা, শ্বাসনালীর প্রদাহ, সর্দি ও ইনফ্লুয়েঞ্জা।

**সেবন মাত্রা ও সেবন বিধি: প্রাপ্তবয়স্ক:** ২টি করে ট্যাবলেট দিনে ৩-৪ বার, **শিশু:** ১টি করে ট্যাবলেট।

**পার্শ্ব প্রতিক্রিয়া:** কোন পার্শ্ব প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

**বিপরীত নির্দেশনা:** এখন পর্যন্ত কোন বিপরীত নির্দেশনা পাওয়া যায় নি। তদপুরি, এ ঔষধের প্রতি সংবেদনশীল ব্যক্তিদের জন্য প্রতি-নির্দেশিত।

**গর্ভাবস্থায় সেবন:** সুরিন গর্ভাবস্থায় সেবন করলে কোন সমস্যা হয় না।

**সংরক্ষণ:** সূর্যালোক থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ:** প্রতি বক্সে ১০০টি ট্যাবলেট অ্যালু-অ্যালু স্ট্রিপে সরবরাহ করা হয়।

প্রস্তুতকারক:
IBN SINA
**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।